

# জুলাই বিপুরের চেতনায় শিক্ষকদের নতুন সংগঠনের আত্মপ্রকাশ

জবি প্রতিনিধি



ছবি: কালের কঠ

দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিয়ে

নতুন একটি পেশাদার শিক্ষক সংগঠন 'ইউনিভার্সিটি টিচার্স লিংক  
(ইউটিএল)' আত্মপ্রকাশ করেছে।

শনিবার (২৬ জুলাই) ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি  
ক্যাফেটেরিয়ায় আয়োজিত এক অনুষ্ঠানে 'জুলাই বিপুর'-এর  
শহীদ ওসমানের বাবা আবদুর রহমান সংগঠনটির আনুষ্ঠানিক  
যাত্রার ঘোষণা দেন।

অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি  
বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো. আতাউর রহমান বিশ্বাসকে  
আহ্বায়ক এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের  
অধ্যাপক ড. মোহাম্মদ বিলাল হোসাইনকে সদস্য সচিব করে ৫৪  
সদস্যের একটি কেন্দ্রীয় আহ্বায়ক কমিটি ঘোষণা করা হয়।



## ডিপিপি অনুমোদন না হওয়ায় রবীন্দ্র বিশ্ববিদ্যালয় দিবস বয়কট

সংগঠনের পক্ষ থেকে দেওয়া লিখিত বক্তব্যে সদস্য সচিব ড.

মোহাম্মদ বিলাল হোসাইন বলেন, ‘২০২৪ সালের জুলাইয়ের

ছাত্র-গণঅভ্যর্থনান জাতীয় চেতনায় নতুন জাগরণ সৃষ্টি করেছে।

এই ঐতিহাসিক পটভূমিতে ইউটিএল গড়ে উঠেছে একটি

পেশাদার, নৈতিক ও দায়িত্বশীল শিক্ষক সমাজ গঠনের প্রত্যয়ে।’

তিনি বলেন, ‘ইউটিএল কেবল একটি প্ল্যাটফরম নয়, এটি একটি

আন্দোলন। যারা মনে করেন, শিক্ষকরা জাতির পথপ্রদর্শক এবং

সুশিক্ষাই ন্যায়ের ভিত্তি-এই সংগঠন তাদের জন্য। আমাদের লক্ষ্য

হলো শিক্ষকদের মর্যাদা রক্ষা, একাডেমিক সততা ও গবেষণায়

উৎকর্ষ নিশ্চিত করা।

,

সংগঠনের ঘোষিত মিশনের মধ্যে রয়েছে, পাবলিক ও প্রাইভেট

বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের একটি অন্তর্ভুক্তিমূলক সংগঠনে

একত্রিত করা, শিক্ষকদের পেশাগত স্বার্থ রক্ষা ও উন্নয়ন, শিক্ষা ও

জাতীয় নীতিনির্ধারণে অংশগ্রহণ, একাডেমিয়াকে মুক্ত ও নৈতিক

জ্ঞানচর্চার ক্ষেত্র হিসেবে প্রতিষ্ঠা এবং শিক্ষার্থীদের জন্য নিরাপদ ও

শিক্ষাবান্ধব ক্যাম্পাস গড়ে তোলা।

অনুষ্ঠানে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য,  
সিনিয়র শিক্ষক, শিক্ষাবিদ, অবসরপ্রাপ্ত শিক্ষক, সাংবাদিক এবং  
'জুলাই বিপ্লব'-এ নিঃত ও আহতদের পরিবারের সদস্যরা  
উপস্থিত ছিলেন।